# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৪৬ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।

তারিখ : ২০-০২-২০২৩ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। সভার শুরুতে অদ্য সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান ভাষা শহীদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন । তিনি ২১ শে ফ্রেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবসের ব্যাপক তাৎপর্য উপস্থাপন করেন । তিনি শ্রদ্ধার সাথে স্মরণ করেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে। ভাষা আন্দোলন থেকে শুরু করে মুক্তিযোদ্ধেও তাঁর নেতৃত্বে মাত্র ০৯ মাসের যুদ্ধে বাঙ্গালী জাতি মহান বিজয় অর্জন করতে সক্ষম হয়েছে ।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার ১৯৫২ সালে ভাষা আন্দোলনে শহীদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি জানান, ২১ শে ফ্রেবুয়ারি মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ২১ শে ফেব্রুয়ারি-২০২৩ তারিখ ১২.০১ মিনিটের সময় সিলেট কেন্দ্রিয় শহীদ মিনারে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে । এরপর উপজেলা পরিষদে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে । তিনি যথাসময়ে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান । অতপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br><br>(খ) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর,সিলেট অত্র উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উন্নয়ন তহবিল (নিজস্ব) এর আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে সকল ইউপির তালিকা পাওয়া গেছে, প্রাক্কলন প্রস্তুতের কার্যক্রম চলমান শীঘ্রই টেন্ডার আহবান করা হবে ।<br><br>(গ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাতরুম ও অন্যান্য রুম সংস্কার/ মেরামত করা প্রয়োজন । তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী ৫৫,৫২০/-(পঞ্চান্ন হাজার পাঁচশত বিশ) টাকার প্রাক্কলন উপস্থাপন অদ্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন ।<br><br>(ঘ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, স্থানীয় সরকার বিভাগের ০৪ জানুয়ারি-২০২১ তারিখের ১১ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০৫টি গৃহ নির্মাণের জন্য নির্দেশনা প্রদান করা হয় । কিন্তু অত্র উপজেলায় পর্যাপ্ত জায়গা না পাওয়ায় এতোদিন | | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে বাসাবাড়ি/অফিস রক্ষনাবেক্ষন খাত হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাতরুম ও অন্যান্য রুম সংস্কার/ মেরামত বাবদ প্রাক্কলিত ৫৫,৫২০/-(পঞ্চান্ন হাজার পাঁচশত বিশ) টাকার বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>(১.৩) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০৫টি গৃহ নির্মাণের নিম্নে উল্লেখিত ০৫ জন ব্যক্তির নাম অনুমোদিত হয় । প্রকল্পগুলো উপ-প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৩.১। জনাব বুরহান উদ্দিন, পিতা- | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| | তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি । তিনি উপজেলা পরিষদ কর্তৃক ০৫টি গৃহ নির্মাণের লক্ষ্যে গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক ০৫ জন ব্যক্তির নাম অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>(ঙ) উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট উপজেলা পরিষদের বাসাবাড়ির পানির লাইন, মটর ও সম্প্রসারিত ০৪ তলা ভবনের পানির লাইন সংস্কার/মেরামত বাবদ-৪৩,২১০/- (তেতাল্লিশ হাজার দুইশত দশ) টাকার প্রাক্কলন অদ্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন । | মজমিল আলী, সাং-কুড়িরগাঁও, ডাকঘর-ইসলামগঞ্জ বাজার, জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট ।<br>১.৩.২। জনাব দিবা চরণ দাস, পিতা-স্বর্গীয় দিনাই চরণ দাস, সাং-রামকৃষ্ণপুর, ডাকঘর-করিমগঞ্জবাজার, মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট।<br>১.৩.৩। জনাব এম রহমান ফারুক, পিতা-ইন্তাজ আলী, সাং-পূর্বদর্শা, ডাকঘর-কামালবাজার, সিলেট সদর, সিলেট ।<br><br>১.৩.৪। মোছা নেহারুন বিবি, পিতা-মনু মিয়া, সাং-বাছিরপুর, ডাকঘর-টুকেরবাজার, কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট ।<br><br>১.৩.৫। জনাব আলী রাব্বানী, পিতা-শুকুরউল্লাহ,সাং-উমাইরগাঁও(উত্তরপাড়া), হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট ।<br>(১.৪) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের বাসাবাড়ির পানির লাইন, মটর ও সম্প্রসারিত ০৪ তলা ভবনের পানির লাইন সংস্কার/মেরামত বাবদ-৪৩,২১০/-(তেতাল্লিশ হাজার দুইশত দশ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পানির লাইন সংস্কার/মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| স্বাস্থ্য বিভাগ | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি বলেন প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে কৃষি শিক্ষক আছেন, স্কুল পর্যায়ে কৃষি অফিস থেকে কিছু ফল/ফুলের বীজ প্রদান করা হলে ছাত্র/ছাত্রীরা আগ্রহী হতো ।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, প্রতিটি স্কুলের সবজি ও ফলমূল চাষাবাদ করার পর্যাপ্ত সক্ষমতা আছে শুধু মাত্র একটু আগ্রহ দরকার ।মাননীয় প্রধানমন্ত্রী যদি বঙ্গভবনে পিয়াজ, মসুর ডাল, মাছ, সবজি, সরিষা চাষ করতে পারেন তাহলে আমরা কেন পারবো না । এক বিন্দু পতিত জমি খালি রাখা যাবে না মাননীয় প্রধানমন্ত্রীর এই উদ্যোগটি বাস্তবায়নে সবাইকে সমন্বিত ভাবে কাজ করতে হবে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) ০৭ টি মাধ্যমিক বিদ্যালয়ের নাম দেয়া হলে যাবতীয় লজিস্টিক সহযোগিতা প্রদান করা হবে । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি বাদেশ্বর ও ইসলামাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুলে মাঠে মাটি ভরাট করার প্রস্তাব করেন । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন কর্মসূচী(টি, আর) এর ১ম কিস্তির আওতায় গৃহীত প্রকল্পের কার্যক্রম চলমান । এছাড়া সদর উপজেলায় ৩৪৩০ টি কম্বল বিতরণের মাস্টাররোল দাখিলের প্রস্তাব করেন । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | ১.১ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর , সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট উপজেলা পরিষদের অর্থায়নে আউশ বীজ প্রদান ও পতিত জমিতে ফল বাগান করার উদ্যোগ গ্রহণ করার জন্য পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন । তিনি জানান শীঘ্রই কৃষকদের মাঝে বিনামূল্যে ০৫ কেজি আউশ ধানের বীজ ও ০২ কেজি সার প্রদান করা হবে । বরাদ্দ পাওয়া মাত্রই বিতরণের তারিখ নির্ধারণ করে জানানো হবে | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়ন মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| প্রাণিসম্পদ বিভাগ | সভার শুরুতে নবাগত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট তাঁর পরিচয় দেন । তিনি জানান আগামী ২৫ শে ফেব্রুয়ারি হতে ০১ মার্চ পর্যন্ত প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে সারাদেশের ন্যায় সিলেট সদর উপজেলায় প্রানিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী -২০২৩ অনুষ্ঠিত হবে । তিনি সকলকে উক্ত প্রদর্শনীতে উপস্থিত থাকার অনুরোধ জানান । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট বলেন বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২৩-২৪ চক্রের নির্বাচিত তালিকা টিআইবি কর্তৃক মাট পর্যায়ে যাচাইকৃত প্রতিবেদনে দেখাযায় ৪৪জন উপকার ভোগী সরকারি অন্যান্য ভাতা পাচ্ছে এবং বিগত দুই চক্রের ভিজিডির খাদ্যশষ্যও গ্রহন করেছেন বিধায় তাদের নাম পরিবর্তন করে অপেক্ষমান তালিকা থেকে উপকারভোগী নির্বাচন করার প্রস্তাব করেন ।<br>তিনি আরও জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় যে সকল ইউনিয়নে ডাটাএন্ট্রির কাজ সম্পন্ন হয়নি সে সকল ইউনিয়নের ইউডিপির মাধ্যমে ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে ।<br>১.২) ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২৩-২৪ চক্রের নির্বাচিত তালিকায় অপেক্ষমান তালিকা থেকে ৪৪ জন উপকারভোগী নির্বাচন করতে হবে ।<br>১.৩) যে সকল ইউনিয়নে ডাটাএন্ট্রির কাজ সম্পন্ন হয়নি সে সকল ইউনিয়নের ইউডিপির মাধ্যমে ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করতে হবে । | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট জানান বিভাগীয কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । খাদিমনগর ও খাদিমপাড়া ইউনিয়নের তালিকা এখনও পাওয়া যায়নি । তিনি দ্রুত তালিকা প্রদানের জন্য প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>১.২)দ্রুত খাদিমনগর ও খাদিমপাড়া ইউপি তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট জানান, খাদ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান, ০৮ নং কান্দিগাঁও ইউনিয়নের একজন ডিলার বিদেশে | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং ০৮ নং কান্দিগাঁও ইউনিয়নের ডিলার বিদেশে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট |

<table>
<tr><td></td><td>চলে যাওয়ায় তাঁর শূণ্য জায়গায় আলী হোসেন নামে একজন ডিলার নিয়োগের আবেদন পাওয়া গেছে । সভায় অনুমোদিত হলে তাঁকে নিয়োগ দেয়া যেতে পারে ।</td><td>চলে যাওয়ায় তাঁর শূণ্য জায়গায় যথাযথ নিয়মে প্রাপ্ত আবেদনকারীকে নিয়োগ করা যেতে পারে ।</td><td>সদর, সিলেট ।</td></tr>
<tr><td>পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি ।</td><td>১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। স সহ স১দ</td><td>উপজেলা সমন্বয়কারী, আবাআকা প্রকল্প</td></tr>
<tr><td>বন বিভাগ</td><td>বিট কর্মকর্তা, খাদিমনগর বন বিট, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি ।</td><td>১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা বন কর্মকর্তা</td></tr>
<tr><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, সিলেট ।</td></tr>
<tr><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট ।</td></tr>
<tr><td>উপজেলা নির্বাচন অফিস</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে ।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল ।</td></tr>
<tr><td>৩ কমিটির সুপারিশ পর্যালোচনা</td><td>চলতি মাসে কোন কমিটির সুপারিশ না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি।</td><td>১.১) উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিত দ্বি মাসিক সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট ।</td></tr>
<tr><td>৪ ।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন</td><td>নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি ।</td><td></td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট</td></tr>
<tr><td>৫ ।মাননীয় উপদেষ্টার পরামর্শে</td><td>মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি ।</td><td>মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি ।</td><td></td></tr>
<tr><td>৬। নিয়মিত রাজস্ব ব্যয়</td><td>চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় নাই ।</td><td>১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বিল অনুমোদিত হয়।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট</td></tr>
<tr><td>৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td>ইউডিএফ, সিলেট সদর, সিলেট জানান ৪র্থ ধাপে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার ও মেডিক্যাল সামগ্রী প্রদান প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে বিল প্রদান করা যেতে পারে।</td><td>১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে । ৪র্থ ধাপে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় কমিউনিটি ক্লিনিকে অক্সিজেন সিলিন্ডার ও মেডিক্যাল সামগ্রী প্রদান প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।</td><td>সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।</td></tr>
<tr><td>৮। জন্ম ও মৃত্য নিবন্ধন</td><td><table>
<tr><td>ইউনিয়নের নাম</td><td colspan="2">জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন</td><td>মন্তব্য</td></tr>
<tr><td></td><td>জন্ম</td><td>মৃত্যু</td><td></td></tr>
<tr><td>জালালাবাদ</td><td>১৬</td><td>৫</td><td></td></tr>
<tr><td>হাটখোলা</td><td>৩১</td><td>৮</td><td></td></tr>
<tr><td>খাদিমনগর</td><td>৩৬</td><td>৮</td><td></td></tr>
<tr><td>খাদিমপাড়া</td><td>৫১</td><td>১২</td><td></td></tr>
<tr><td>টুকেরবাজার</td><td>১৫</td><td>৮</td><td></td></tr>
<tr><td>মোগলগাঁও</td><td>৪৪</td><td>০০</td><td></td></tr>
<tr><td>কান্দিগাঁও</td><td>৬১</td><td>১০</td><td></td></tr>
</table></td><td>১.১ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে নিজ নিজ দায়িত্ব গুরুত্ব সহকারে পালন করতে হবে ।</td><td>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।</td></tr>
<tr><td>০৯। বিবিধ</td><td>বিবিধ-০১। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট জানান, উপজেলা পরিষদের অভ্যান্তরিন ঝড়েপড়া কর্তনকৃত ১৭টু: গাছ নিলামে বিক্রির লক্ষ্যে রেঞ্জ কর্মকর্তা, সিলেট রেঞ্জ ও সংশ্লিষ্ট কমিটি কাঠের পরিমান অনুযায়ী সরকারি মূল্য-৮৯৬২/-(আট হাজার নয়শত বাষট্টি)টাকা নির্ধারণ করে মাসিক সভায় অনুমোদনের জন্য সুপারিশ করেছে। অদ্য মাসিক সভায় অনুমোদন পূর্বক জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের অনুমোদন</td><td>১.১) উপজেলা পরিষদের অভ্যান্তরিন ঝড়েপড়া কর্তনকৃত ১৭ টু: গাছ নিলামে বিক্রির লক্ষ্যে রেঞ্জ কর্মকর্তা, সিলেট রেঞ্জ ও সংশ্লিষ্ট কমিটি কাঠের পরিমান অনুযায়ী সরকারি মূল্য-৮৯৬২/-(আট হাজার নয়শত বাষট্টি)টাকা অদ্য মাসিক সভায় অনুমোদিত হয় এবং জেলা</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | গ্রহন করতে হবে । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>বিবিধ-০২: উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের অভ্যান্তরিন মাদার মিটারের প্রায় আটারো লক্ষ টাকা বৈদ্যুতিক বিল বকেয়া আছে । তিনি ধাপে ধাপে উক্ত বকেয়া বৈদ্যুতিক বিল পরিশোধের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>বিবিধ-০৩:- আলোচনাকালে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট তাঁর জুলাই-২২ হতে ডিসেম্বর-২২ পর্যন্ত সময়ের ভ্রমন ভাতা বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন । | প্রশাসক মহোদয়ের এর অনুমোদন গ্রহন করত: নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.২) উপজেলা পরিষদের অভ্যান্তরিন মাদার মিটারের বকেয়া বিদ্যুত বিলের মধ্যে ৯,০০,০০০/-(নয় লক্ষ) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>১.৩) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট তাঁর জুলাই-২২ হতে ডিসেম্বর-২২ পর্যন্ত সময়ের ভ্রমন ভাতা বিল অনুমোদিত হয় । | |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০২/২০২৩

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ০৭ (৫০)
তারিখ: ০৫.০৩ ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৩। জেলা প্রশাসক, সিলেট ।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব ।মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৭। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৮। চেয়ারম্যান,------------------------ ------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৯। জনাব/বেগম,-----------------সিলেট সদর, সিলেট ।
১০। অফিস নথি।

০৪/০৩/২২

নুসরাত আজমেরী হক
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

০১) জনাব মিল্লাত আহমদ চৌধুরী
০২) মিজ্ মোছা: শামীমা আক্তার
০৩) জনাব মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক
০৪) জনাব রফিকুজ্জামান
০৫) জনাব আলহাজ্ব শহিদ আহমদ
০৬) জনাব মো: আব্দুল মনাফ
০৭) জনাব অপূর্ব লাল সরকার
০৮) মিজ্ মোছা: শিরিন আক্তার
০৯) ডা: নাহিদ আরজুমান বানু
১০) জনাব মুহাম্মদ ধিরণ
১১) ডা: তামান্না তালুকদার
১২) মিজ্ শামছুন্নাহার
১৩) জনাব মো: হাসানুজ্জামান
১৪) জনাব অভিজিৎ কুমার পাল
১৫) জনাব আব্দুল জলিল তালুকদার
১৬) মিজ্ নুসরাত-এ-ইলাহী
১৭) জনাব আব্দুল্লাহ আল মামুন
১৮) জনাব লায়েছ মিয়া তালুকদার
১৯) জনাব মো: সালাহউদ্দিন মাহমুদ
২০) জনাব অঞ্জন কুমার দাস

পরিশিষ্ট-ক

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট ।
চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট ।
চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট ।
চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট ।
উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট ।
সংরক্ষিত মহিলা সদস্য-আসন-০২, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।
প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।
প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট ।
উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট ।
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।
উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট ।
উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট ।
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট ।
সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট।
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলা পরিষদের ৪৬ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর:- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় । ২০/০২/২০২৩

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । | |
| ২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট | |
| ৩ | মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক | চেয়ারম্যান ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । | Ishaq 20/02/23 |
| ৪ | রফিকুজ্জামান | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । | 20/02/23 |
| ৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ৬ | আফছর আহমদ | চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ৭ | আলহাজ্ব শহীদ আহমদ | চেয়ারম্যান ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ৮ | হিরণ মিয়া | চেয়ারম্যান ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । | |
| ৯ | মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । | 20.02.2023 |
| ১০ | মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য আসন-২, সিলেট সদর, সিলেট । | 20/02/23 |
| ১১ | মোছা: লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য আসন-৩, সিলেট সদর, সিলেট । | |
| ১২ | অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । | 20.02.23 |
| ১৩ | ডাঃ নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | 20/02/23 |
| ১৪ | দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৫ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৬ | ডা: আহমদ সিরাজুম মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | পক্ষে— Dr Tanusna Talukder UHO, Sadar-Sylhet |
| ১৭ | শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । | |
| ১৮ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ১৯ | মো:হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । | |
| ২০ | অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | 20.02.2023 |
| ২১ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা ~~প্রাথমিক~~ শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | 20/02/2023 |
| ২২ | মিজ্ নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | 20-02-23 |
| ২৩ | আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | 20/02/23 |
| ২৪ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ২৫ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট । | 20/2 |
| ২৬ | মো: সালাহউদ্দিন মাহমুদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | 20/02 |
| ২৭ | অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । | 20/2/23 |
| ২৮ | মো: আতিকুর রহমান | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট । | |
| ২৯ | রাজীব কুমার দাস | ইউডিএফ, সিলেট সদর, সিলেট । | |
| ৩০ | মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | |
| ৩১ | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । | Mariam |
| ৩২ | উজ্জল কুমার সিংহ | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সিলেট সদর, সিলেট । | |